

## স্বার্থপর দৈত্য

(নির্বাচিত অংশ)

## ভূমিকা

স্টীক অনুবাদের অর্থ হল স্টীক-সহ অনুবাদ। 'স্টীক' শব্দের অর্থ হল ব্যাখ্যা। স্টীকার সাহায্যে কোনো রচনার তাৎপর্য সঠিকভাবে পরিস্ফুট হয়। বর্তমান প্রকল্পের অনুবাদকর্মটি যথাযথ স্টীক বা ব্যাখ্যার সাহায্যে তুলে ধরা হয়েছে।

## বৈশিষ্ট্য

- অনুবাদের ক্ষেত্রে মূলানুগত্য বজায় রাখা হয়েছে। এতে কোনো নিজস্ব কল্পনাবোধের অবকাশ নেই।
- দুটি ভাষার বাক্যের গঠনগত পার্থক্যের বিষয়টি মাথায় রেখে অনুবাদ করা হয়েছে।
- মূল টেক্সট-এর ভাষা থেকে হুবহু অনুবাদ করা হয়নি। অনুবাদটি যেন সুখপাঠ্য হয়, সেদিকেও খেয়াল রাখা হয়েছে।
- স্টীকগুলি যেন তথ্যনিষ্ঠ হয়, তা দেখা হয়েছে এবং প্রকল্প রচয়িতার অনাবশ্যক কোনো বিশ্লেষণ দেওয়া হয়নি।

## উদ্দেশ্য

- ১। আত্মসক্রিয়তা বৃদ্ধি পাবে এবং সৃজনশীলতার সঙ্গে সঙ্গে নিজের তথ্যভাণ্ডারও বিকশিত হবে।
- ২। দুটি ভাষার ব্যাকরণ ও সাহিত্যবোধ এবং দুটি ভিন্ন সংস্কৃতির সম্বন্ধে জানলাভ সম্ভব হবে।
- ৩। ভাষাবোধ যেমন পুষ্ট হবে, তেমনিই তথ্য সংগ্রাহক হিসেবেও পারদর্শিতা লাভ করা যাবে।

## প্রকল্পের নীতি

নির্বাচিত প্রকল্পটি যেসব নির্দিষ্ট নিয়ম ও নীতির ভিত্তিতে রূপায়ণ করা হয়েছে—

- তত্ত্বাবধায়কের নির্দেশনায় ও একক ভাবনায় প্রকল্পটি নির্মিত হয়েছে।
- ভাষান্তরের সাধারণ নীতিগুলি মানা হয়েছে।
- উপযুক্ত চিত্র আঁকা হয়েছে এবং অঙ্কিতানের সাহায্য নেওয়া হয়েছে।
- স্টীকার ক্ষেত্রে তথ্যগুলি যথাযথভাবে তুলে ধরা হয়েছে।

## সীমাবদ্ধতা

- ১। প্রকল্পটি নির্মাণের সময় ছিল সীমিত।
- ২। আগে এভাবে স্টীক অনুবাদের কাজ করিনি। ফলে আত্মবিশ্বাসের অভাব ছিল।
- ৩। অনুবাদের সার্বিক উৎকর্ষ এবং সম্পূর্ণ অবয়ব দান অনেকাংশেই রক্ষিত হয়নি।



## প্রকল্পের উপকরণ

প্রকল্পটি সুষ্ঠুভাবে সম্পাদন করতে যেসব উপকরণ প্রয়োজন হয়েছে, তা হল—

- সাদা খাতা বা কাগজ
- পেন, পেনসিল ও ইরেজার



## প্রকল্প পরিকল্পনা

আমার বাংলা বিষয়ক শিক্ষক/শিক্ষিকা প্রকল্পটি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য ৭ দিনে ৭টি পিরিয়ডের একটি সুশৃঙ্খল কর্মপরিকল্পনা রচনা করে দেন।

- প্রকল্পটি সম্পাদনের জন্য শিক্ষক/শিক্ষিকা একটি সাধারণ ধারণা প্রদান করেন। সঠিক অনুবাদ বিষয়টি গ্রহণের প্রয়োজনীয়তা, উদ্দেশ্য, রূপায়ণের পদ্ধতি ও নীতি সম্পর্কে আলোকপাত করেন এবং তার প্রতিনিধি আমাদের সরবরাহ করেন।
- শিক্ষক/শিক্ষিকা অনুবাদের বিষয়, বৈশিষ্ট্য প্রভৃতি সম্পর্কে স্বেচ্ছাধারিত তৈরি করতে নির্দেশ দেন।
- শিক্ষক/শিক্ষিকা বিভিন্ন অনুদিত গল্পের বই পড়ে অনুবাদের অবয়ব সম্পর্কে জ্ঞান সঞ্চয় করতে বলেন।
- অনুবাদ-কর্মের প্রতি আমার ভালোলাগা এবং আগ্রহ আগে থেকেই ছিল। শিক্ষক/শিক্ষিকার প্রেরণায় আমি আরও গভীরভাবে উদ্বুদ্ধ হই। শিক্ষক/শিক্ষিকার পরামর্শ এবং সাহায্য নিয়ে মনের ভাবনাকে প্রকল্পের আকারে রূপ দান করতে এগিয়ে গেলাম।
- প্রথমে আমি খসড়া তৈরি করে আমার তত্ত্বাবধায়ক শিক্ষক/শিক্ষিকা মহাশয়/মহাশয়াকে সংশোধন ও সংযোজন-বিয়োজনের জন্য দেখালাম।
- তারপর অনুবাদটিকে প্রয়োজনীয় চিত্র এবং অলংকরণ দ্বারা সুসজ্জিত ও খাতায় সুহস্তাক্ষরে লিপিবদ্ধ করে তত্ত্বাবধায়ক শিক্ষক/শিক্ষিকার কাছে সম্পূর্ণ প্রকল্পটি জমা দেব বলে স্থির করলাম।



## প্রকল্পের রূপায়ণ

### SELFISH GIANT (SELECTED PORTION)

OSCAR WILDE

One morning the Giant was lying awake in bed when he heard some lovely music. It sounded so sweet to his ears that he thought it must be the King's musicians passing by. It was really a linnets singing outside his window, but it was so long since he had heard a bird sing in his garden that it seemed to him to be the most beautiful music in the world. Then the Hail stopped dancing over his head, and the North Wind ceased roaring, and a delicious perfume came to him through the open casement. 'I believe the Spring has come at last', said the Giant, and he jumped out of bed and looked out.

What did he see?

He saw the most wonderful sight. Through a little hole in the wall the children had crept in, and they were sitting in the branches of the trees. In every tree that he could see there was a little child. And the trees were so glad to have the children back again that they had covered themselves with blossoms, and were waving their arms gently above the children's heads. The birds were flying about and twittering with delight, and the flowers were looking up through the green grass and laughing. It was a lovely scene, only in one corner it was still winter. It was the farthest corner of the garden, and in it was standing a little boy. He was so small that he could not reach up to the branches of the tree, and he was wandering all around it, crying bitterly. The poor tree was still covered with frost and snow, and the North Wind was blowing and roaring about it. 'Climb up! little boy', said the Tree, and it bent its branches down as low as it could, but the boy was too tiny.



## বাংলা অনুবাদ

### স্বার্থপর দৈত্য (নির্বাচিত অংশ)

#### অস্কার ওয়াইল্ড

একদিন সকালবেলা সৈত্যাটা তার বিছানায় জেগে শুষে আছে, এমন সময় একটা মধুর সংগীত শুনতে পেলে সে। তার কানে গানটা এতই মধুর লাগল যে সে ডাবল নিশ্চয়ই রাজার গায়কদল বাড়ির পাশ দিয়ে যাচ্ছে। আসলে একটা গিনেট পাখি তার জানলার বাইরে গান করছিল। কিন্তু এতদিন বাসে তার বাগানে একটা পাখিকে গান গাহিতে শুনে সেটাই তার কাছে পৃথিবীর সবচেয়ে সুন্দর গান বলে মনে হল। তারপর ছাদের ওপর শিলাবৃষ্টির নাচল বন্ধ হল, উত্তুরে বাতাসের গর্জন থেমে গেল আর খোলা পরাদবিহীন জানলা দিয়ে একটা মধুর সুগন্ধ তার কাছে ভেসে এল। 'আমার মনে হচ্ছে অবশেষে বসন্ত এসে গেছে', এই বলে সৈত্যাটা বিছানা থেকে লাফ দিয়ে নেমে বাহিরের দিকে তাকাল।

কী দেখল সে?

সে অতি বিস্ময়কর একটা দৃশ্য দেখল। পাঁচিলের একটা ছোট্ট গর্ত দিয়ে বাচ্চারা হামাপুড়ি দিয়ে বাগানে ঢুক পড়েছে আর গাছের ডালগুলিতে উঠে বসেছে। যে কটা গাছ তার নজরে পড়ল তার প্রত্যেকটাতেই দেখা গেল একটা করে ছোট্ট শিশু বসে আছে। বাচ্চাদের ফিরে পেয়ে



গাছগুলোও এত আনন্দ পেয়েছিল যে তারা সব ফুলে ফুলে ছেকে গিয়েছিল আর তাদের শাখাগুলো বাচ্চাদের মাথার ওপর ধীরে ধীরে নাড়াচ্ছিল। পাখিগুলো এদিকে-ওদিকে উড়ে বেড়াচ্ছিল আর আনন্দে কিচমিচ শব্দ করছিল। ফুলগুলো সবুজ গাছের মধ্যে থেকে উঁকি দিচ্ছিল আর হেসে উঠছিল। দৃশ্যটি ছিল মনোরম, শুধু বাগানের একটা কোণে তখনও শীত রয়ে গিয়েছিল। ওই কোণটা ছিল বাগানের সবচেয়ে দূরের কোণ আর সেখানে একটা ছোট্ট ছেলে দাঁড়িয়েছিল। সে এতই ছোটো ছিল যে গাছের ডালগুলোর নাপাল পাচ্ছিল না। তীব্রভাবে কানতে কানতে সে গাছটার চারপাশে ঘুরে বেড়াচ্ছিল। হতভাগ্য গাছটা তখনও বরফ আর হিমকুয়াপায় ঢাকা পড়েছিল এবং উত্তুরে বাতাস সেই গাছের মধ্যে দিয়ে বয়ে যাচ্ছিল আর গর্জন করছিল। গাছটা তার ডালগুলো ষতটা সম্ভব নীচু করে বলে উঠল, 'উঠে পড়া বাচ্চা', কিন্তু বড়েই ছোট্টখাট ছিল ছেলেটা।

#### লেখক পরিচিতি

পুরো নাম Oscar Fingal O'flahertie Wills Wilde | তবে Oscar Wilde নামেই অধিক পরিচিত হন।

**জন্ম** ১৮৫৪ খ্রিস্টাব্দের ১৬ অক্টোবর আয়ারল্যান্ডের ডাবলিন শহরে।

**পিতা-মাতা** উইলিয়াম ওয়াইল্ড এবং জেন ওয়াইল্ড।

**পেশা** নাট্যকার, ছোটোগল্পকার, ঔপন্যাসিক এবং সাংবাদিক।

**সময়** ভিক্টোরিয়ান যুগের লেখক।

**সাহিত্য আন্দোলন** নান্দনিকতাবাদ (Aestheticism)।

**শিক্ষা জীবন**

পোটেরা রয়াল স্কুলে প্রথাগত শিক্ষাজীবনের সূত্রপাত। তারপর ট্রিনিটি কলেজে ১৮৭১ থেকে ১৮৭৪ খ্রিস্টাব্দ পর্যন্ত শিক্ষালাভ। এখানেই ওয়াইল্ড শিক্ষক জে. পি. মাহাফ্টি-র দ্বারা গ্রিক সাহিত্যে উল্লেখ হন। ১৮৭৪ থেকে ১৮৭৮ খ্রিস্টাব্দ পর্যন্ত তিনি অক্সফোর্ডের ম্যাগডালেন কলেজে শিক্ষা লাভ করেন।

**উল্লেখযোগ্য রচনা**

'The Picture of Dorian Gray' তাঁর বিখ্যাত উপন্যাস। 'The Importance of Being Earnest', 'The Happy Prince and Other Stories', 'Lord Arthur Savile's Crime and Other Stories', 'House of Pomegranates', 'An Ideal Husband' প্রভৃতি তাঁর উল্লেখযোগ্য সাহিত্যকীর্তি।

**মৃত্যু**

৩০শে নভেম্বর, ১৯০০ খ্রিস্টাব্দে ফ্রান্সের প্যারিসে মৃত্যু হয়।

**টীকা**

**স্বার্থপর সৈত্য**—অস্কার ওয়াইল্ড রচিত বিখ্যাত রূপকথার কাহিনি (Fairy Tale) হল 'Selfish Giant' বা 'স্বার্থপর সৈত্য'। রূপকথা, লোককথা লেখায় এক অনবদ্য দক্ষতা দেখিয়েছেন অস্কার ওয়াইল্ড। রূপকথা এমন এক ধরনের কাহিনি যেখানে লোককথাকেন্দ্রিক কাহিনিক চরিত্র যেমন সৈত্য, পরি ইত্যাদিকে ঘিরে জাদু বা মোহময় পরিবেশের সৃষ্টি করা হয়। সাধারণত গল্পের শেষে সুখকর ও আনন্দময় সমাপ্তি দেখা যায়। এই কাহিনিগুলি সত্য নয়, সেগুলোর সত্য হওয়ার কোনো সম্ভাবনাও নেই। পৃথিবীর প্রায় সর্বত্রই মৌখিক এবং লিখিত উভয় ধারাতেই এ ধরনের রূপকথার অতি প্রাচীন পরম্পরা লক্ষ করা যায়। Selfish Giant-এ আমরা লেখকের খ্রিস্টধর্মের প্রতি গভীর অনুরাগও দেখতে পাই।

**গিনেট**—একপ্রকার লম্বা ল্যাজওয়ালা ছোটো পাখি। সাধারণত ইউরোপ, এশিয়ার পশ্চিম অংশ এবং উত্তর আফ্রিকায় এদের দেখতে পাওয়া যায়। এটি গায়ক পাখি। নানাপ্রকার দানাশস্য মূলত এদের খাদ্য। পুরুষ গিনেটের মাথায় ও বুকে লাল রঙের দাগ দেখতে পাওয়া যায়।

**উপসংহার**

প্রকল্পটির রূপ দান করতে গিয়ে আমি বিশেষ অভিজ্ঞতা লাভ করেছি। যথাযথ সময়ের মধ্যে নতুন জ্ঞানলাভ ও তা প্রয়োগের মাধ্যমে আমি প্রকল্পটি সম্পন্ন করলাম। স্বাধীনভাবে নিজের সৃজনশীলতার প্রকাশ ঘটাতে পেরে আমি আনন্দিত এবং পর্বিত। সীমিত সময়কালের মধ্যে প্রকল্পটি সম্পূর্ণ করতে গিয়ে ছুটি থেকে যাওয়ায় আমি কৃতজ্ঞ। তত্ত্বাবধায়ক শিক্ষক/শিক্ষিকা-র নির্দেশ ও সহযোগিতা আমাকে প্রকল্পটি রূপদানে গভীরভাবে সক্রিয় করেছে।

**কৃতজ্ঞতা স্বীকার**

'স্বার্থপর সৈত্য' শীর্ষক 'সঠিক অনুবাদ' বিষয়ক প্রকল্পটি সার্থকভাবে রূপায়ণ করার ক্ষেত্রে যিনি প্রথম থেকে শেষ পর্যন্ত প্রতিটি পদক্ষেপে আমার পাশে থেকে অকুপনভাবে সহযোগিতা ও পরামর্শ দান করেছেন, তিনি হলেন আমার বিদ্যালয়ের বাংলা বিষয়ক শিক্ষক/শিক্ষিকা, শ্রী/শ্রীমতী/ড. \_\_\_\_\_। তাঁর কাছে আমি বিশেষভাবে কৃতজ্ঞ।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক/শিক্ষিকা, শ্রী/শ্রীমতী/ড. \_\_\_\_\_ উপযুক্ত পরামর্শ দিয়ে আমার প্রকল্পটির রূপদানে ও অগ্রগতিতে যেভাবে সাহায্য করেছেন তার জন্য আমি বিনম্র চিত্তে তাঁর প্রতি শ্রদ্ধা ও কৃতজ্ঞতা প্রকাশ করছি।

বিদ্যালয়ের বিভিন্ন শিক্ষকমণী এবং সহপাঠীরা প্রকল্পটি সম্পাদনে সাহায্য করায় তাঁদের কাছেও আমি কৃতজ্ঞ।

এই প্রকল্পের কাজে সবসময় আমার পাশে থাকার জন্য আমি আমার বাবা-মার প্রতি সন্তোষ কৃতজ্ঞতা জানাচ্ছি।

ছাত্র/ছাত্রীর স্বাক্ষর  
তারিখ .....

শিক্ষক/শিক্ষিকার স্বাক্ষর  
তারিখ .....